# কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম।

নং- ৪৬.০৩.৪৯৫২.১১১.০৫১.২৬- ১৫৫৫

তারিখঃ ১০/০৫/২০২৬

## দরপত্র আহবান বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সকল ব্যবসায়ী ও প্রতিষ্ঠান সমূহের এবং ইজারা গ্রহনকারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র পৌরসভার আওতাধীন আদর্শ পৌর বাজার সংলগ্ন সাইকেল ষ্ট্যান্ড ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য (১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৭) ১২ (বার) মাস মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের উদ্দেশ্যে প্রকৃত ইজারদারগনের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

| ইজারা মহলের নাম | স্থান | দরপত্রের মূল্য (অফেতযোগ্য) | সরকারি মূল্য | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বিক্রয় এবং দাখিলের স্থান ও সময় | দরপত্র খোলার স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সাইকেল ষ্ট্যান্ড (আদর্শ পৌর বাজার) | ইজারাদারের নিজ দায়িত্বে বাজার সংলগ্ন | ৫০০/= (পাঁচশত) টাকা | ৫৫,০০০/- | ১ম বার ২০/০৫/২৬<br>২য় বার ০৭/০৬/২৬<br>৩য় বার ২১/০৬/২৬<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১ম বার ২১/০৫/২৬<br>২য় বার ০৮/০৬/২৬<br>৩য় বার ২২/০৬/২৬<br>বেলা ১.০০ (এক) ঘটিকা পর্যন্ত। | জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় কুড়িগ্রাম।<br>*অফিস চলাকালীন সময় পর্যন্ত | কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় কুড়িগ্রাম।<br>*খোলার সময় ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকা। |

### দরপত্রের শর্তাবলী ঃ

১। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা/অস্পষ্টতা গ্রহনযোগ্য নয়। খামের উপর দরদাতার নাম ঠিকানা ও ইজারার বিষয় উল্লেখ করতে হবে।

২। দরপত্র ক্রয়ের জন্য যে কোন তফসীলি ব্যাংক হতে ৩ নং কলামে উল্লেখিত মূল্যে "প্রশাসক", কুড়িগ্রাম পৌরসভা বরাবর পে-অর্ডার, বিডি করে দরপত্র ক্রয় করতে হবে।

৩। সাইকেল গ্যারেজ নিতে আগ্রহী ইজারদারকে আদর্শ পৌর বাজার সংলগ্ন জায়গায় নিজ দায়িত্বে গ্যারেজ স্থাপন করতে হবে। নিজস্ব জায়গা আছে বা ব্যবহার করতে পারবেন অথবা জায়গার মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজ দরপত্রের সহিত দাখিল করতে হবে।

৪। সাইকেল গ্যারেজে ফি বাবদ বাই-সাইকেল প্রতি ১০(দশ) টাকা ও মোটর সাইকেল প্রতি ২০ (বিশ) টাকা আদায় যোগ্য। যখন কোন ব্যক্তি সাইকেল/মোটর সাইকেল রাখতে দিবেন ইজারদার তাহা নিজ দায়িত্বে সংরক্ষন করিবেন এবং তাহার সংরক্ষিত কোন বাই-সাইকেল কিংবা মোটর সাইকেল হারিয়ে গেলে অবশ্যই তিনি তাহা ক্ষতিপুরণ দিতে বাধ্য থাকবেন।

৫। দরপত্র দাতাগন বর্ণিত সাইকেল ষ্ট্যান্ড টি যে পরিমান টাকায় ইজারা নিতে ইচ্ছুক তাহা দরপত্রের নির্দিষ্ট কলামে অংকে ও কথায় স্পষ্ট ভাবে উল্লেখ করবেন। উদ্ধৃত দরের কোন আংশিক ব্যাংক ড্রাফট অথবা বিনা ব্যাংক ড্রাফটে কোন দরপত্র দাখিল করেন তাহা হইলে উহা বাতিল বলে গন্য হবে।

৬। ইজারা মুল্যের উপর ১০% ভাগ আয়কর ও ১৫% ভাগ মুল্য সংযোজন করের টাকার ব্যাংক ড্রাফট প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভার অনুকুলে দরপত্রের সাথে গেঁথে দিতে হবে, ব্যর্থতায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। প্রাপ্ত সর্বোচ্চ দর কর্তৃপক্ষের নিকট বিবেচিত না হলে প্রাপ্ত সর্বোচ্চ দর রেখে পুণরায় দরপত্র আহবান করা হবে।

৮। প্রাপ্ত দরপত্র সমুহের মধ্যে সর্বোচ্চ উদ্ধৃত দর সন্তোষজনক হলে টেন্ডার কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে তাহা গ্রহণের জন্য বিবেচনা করা হবে। অকৃতকার্য দরপত্র দাতাগনের জমাকৃত ব্যাংক ড্রাফট ফেরত যোগ্য।

৯। দরপত্র অনুমোদনের পর ইজারদারকে অবশ্যই প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভার সহিত ৩০০/- (তিনশত) টাকা মুল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন করতে হবে।

১০। উপরোক্ত শর্ত সমুহের যে কোন একটির ব্যাত্যয় ঘটলে দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং এতে কোন প্রকার আপত্তি আইনগতভাবে গ্রহন যোগ্য হবে না।

১১। দরপত্রের সাথে হাল সনের ট্রেড লাইসেন্স এবং পরিশোধিত পৌর করের বিলের ছায়ালিপি প্রদান করতে হবে।

১২। পৌর কর্তৃপক্ষ, পৌর কর্মচারী কিংবা বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ের সরকারী কর্মকর্তাগণযে কোন সময় ইজারা মহল পরিদর্শনের ক্ষমতা সংরক্ষন করেন।

১৩। পৌর কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের এবং প্রয়োজনে নতুন কোন শর্তারোপ করার ক্ষমতা সংরক্ষন করেন ।

বি.এম কুদরত-এ-খুদা
প্রশাসক
কুড়িগ্রাম পৌরসভা

স্মারক নং- ৪৬.০৩.৪৯৫২.১১১.০৫১.২৬- ১৫৫৫(২২)

তারিখঃ ১০/০৫/২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রচারার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর।
৫। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম।
৬। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম থানা, কুড়িগ্রাম।
৭। প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সদস্য (সকল), কুড়িগ্রাম পৌরসভা।
৮। নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম
৯। সভাপতি/সম্পাদক, আদর্শ পৌর বাজার, কুড়িগ্রাম।
১০। জনাব ...................................................................................।
১১। www.pourashava.kurigram.gov.bd এ পাওয়া যাবে।
১২। নোটিশ বোর্ড, কুড়িগ্রাম পৌরসভা।
১৩। অফিস নথি।

বি.এম কুদরত-এ-খুদা
প্রশাসক
কুড়িগ্রাম পৌরসভা।